

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ১. ১১. হত্যাপ্রীতির বর্ণনা

বাইবেলের বর্ণনা অনুসারে বাইবেলীয় ঈশ্বর হত্যাপ্রিয়। তিনি নিজেই সামান্য অপরাধে অথবা কোনো অপরাধ ছাড়াই অগণিত মানুষকে হত্যা করেন। পিতার অপরাধে সন্তানদেরকে হত্যা করেন এবং পাপীর অপরাধে সৎ ও নিরপরাধকে হত্যা করেন। পাশাপাশি মানুষদেরকে নির্দেশ দেন অন্যান্য মানুষদের হত্যা করতে। নমুনা দেখুন: যাত্রাপুস্তক ৪/২৪; ৩২/২৭-২৮; ৩৪/৬-৭; লেবীয় ২৬/৭-৮; ২৬/১৪-২২; গণনাপুস্তক ১১/১; ১৬/৩১-৩৫; ২১/৬; ২১/৩৪-৩৫; ২৫/৪-৫; ২৫/১৭; ৩১/৭-৮; ৩৫/১৯-২১; দ্বিতীয় বিবরণ ২০/১৬-১৭; ৩২/৩৯-৪৩; যিহশূয় ১০/১০-১১; ১০/৪০; ১ শমূয়েল ৫/৯; ১৫/৩, ১৮; ২ শমূয়েল ৬/৬-৭; ২ রাজাবলি ৫/৭; গীতসংহিতা ১৩৫/১০; ১৩৬/১৭-১৮; যিশাইয় ৬৬/১৬; যিরমিয় ১৩/১৪; ৪৮/১০; যিহিঙ্কেল ৯/৫-৬; ২১/৩-৪; হোশেয় ৯/১৬; ১৩/১৬; অমোষ ২/৩ ইত্যাদি।

এ প্রসঙ্গে 'বাইবেলীয় নৃশংসতা' (Bible Atrocities) প্রবন্ধে ডোনাল্ড মরগান (Donald Morgan) লেখেছেন: "In the Bible, words having to do with killing significantly outnumber words having to do with love." "বাইবেলের মধ্যে ভালবাসা বিষয়ক শব্দাবলির চেয়ে হত্যা বিষয়ক শব্দাবলি লক্ষণীয়ভাবে বেশি।"[1]

এখানে ঈশ্বরের হত্যাপ্রিয়তার একটামাত্র নমুনা দেখুন। ঈশ্বর হারুনকে ইহুদি জাতির পুরোহিত, যাজক বা ইমাম নিযুক্ত করেন। ধর্মীয় আনুষ্ঠানিকতা পালনে সামান্য একটু ভুল করার কারণে হারুনের দু'পুত্রকে ঈশ্বর তাৎক্ষণিক হত্যা করেন: "হারুনের ছেলে নাদব ও অবীহ তাদের আগুনের পাত্রে করে আগুন নিয়ে তার উপর ধূপ দিল। তারা মাবুদের হুকুমের বাইরে অন্য আগুনে মাবুদের উদ্দেশ্যে ধূপ কোরবানী করল। এর দরুন মাবুদের কাছ থেকে আগুন বের হয়ে এসে তাদের পুড়িয়ে দিল, আর তারা মাবুদের সামনেই মারা গেল।" (লেবীয় ১০/১-২, মো.-০৬)

আনুষ্ঠানিকতায় সামান্য ভুলের কারণে তাৎক্ষণিক হত্যা! তাওবারও সুযোগ নেই! পাঠকের কাছে কি এ কথাটা বিশ্বাসযোগ্য মনে হয়? আমরা বাইবেলীয় বর্ণনাকে মিথ্যা বলব? না স্রষ্টাকে নিষ্ঠুরতায় অভিযুক্ত করব? আমরা নবম অধ্যায়ে হত্যা ও যুদ্ধ-জিহাদ প্রসঙ্গে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করব, ইনশা আল্লাহ।

ফুটনোট

[1] http://infidels.org/library/modern/donald_morgan/atrocity.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14274



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন